# Times Today BD

মীর খায়রুল আলম | দেশজুড়ে | 05 May, 2025

সাতক্ষীরার তালার হরিশ্চন্দ্রকাটি সরকারি প্রাথমিক বিদ্যালয় সংলগ্ন একটি কালভার্টের নিচ থেকে সেলিনা বেগম (৪৫) নামে এক মহিলার মরদেহ উদ্ধার করেছে পুলিশ।সোমবার (৫ মে) ভোরে তার মরদেহ উদ্ধার করা হয়।সে হরিশ্চন্দ্রকাটি গ্রামের মো. রহমত খাঁ'র স্ত্রী।

মৃতের বোনাই মো.আবুল কাশেম জানান, গতকাল সন্ধ্যায় ঢাকায় থাকা অসুস্থ মেয়েকে বিকাশে টাকা পাঠাতে তিনি বাজারে যান।পরে রাতে আর ফিরে আসেনি। অনেক খোঁজাখুঁজির পরও তাকে আর রাতে পাওয়া যায়নি। আজ সোমবার ভোরে স্থানীয়দের মাধ্যমে জানতে পেরে ঘটনাস্থলে এসে সেলিনা বেগমের মরদেহ শনাক্ত করি।

সরেজমিন পরিদর্শনে, কালভার্টের নিচে মরদেহের পাশে তার ব্যবহারিত মোবাইল ফোন, কানের দুল, ঔষধ এবং অল্পকিছু কাঁচাবাজার পড়ে থাকতে দেখা যায়।

তালা থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শেখ শাহিনুর রহমান জানান, ঘটনাস্থল থেকে লাশ উদ্ধার করে মর্গে পাঠানোর ব্যবস্থা করা হচ্ছে।তবে কিভাবে তিনি মারা গেছেন তা তদন্ত সাপেক্ষে জানা যাবে।এরপর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

সাতক্ষীরা কালভার্ট মরদেহ

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 15:24

URL: https://www.timestodaybd.com/across-the-country/7758071927